

২০২৫

২

সংখ্যা-২

নিউজলেটার

প্রজেক্ট ফর ক্যাপাসিটি বিল্ডিং অব নার্সিং
সার্ভিসেস, ফেইজ-২ (সিবিএনএস-২)



সিবিএনএস-২ প্রজেক্ট

প্রজেক্ট সার সংক্ষেপ

সিবিএনএস-২ জাইকার একটি টেকনিক্যাল কো-অপারেশন প্রজেক্ট যার মূল লক্ষ্য হচ্ছে, নির্দিষ্ট সরকারী নার্সিং কলেজ ও হাসপাতালসমূহের নার্সিং প্রশাসনকে আরও শক্তিশালী করার মাধ্যমে বিএসসি ইন নার্সিং কারিকুলামের সঠিক বাস্তবায়ন নিশ্চিত করা। এই প্রজেক্টের মেয়াদকাল হচ্ছে, মার্চ-২২ থেকে মার্চ-২০২৬ সাল পর্যন্ত।

জাইকার অবদান (২০১৬-২০২১)

জাইকা ২০১৬ থেকে ২০২১ সাল পর্যন্ত ঢাকা নার্সিং কলেজ ও ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নার্সিং ক্যাপাসিটি বিল্ডিং সার্ভিসেস, ফেইজ-১ (সিবিএনএস-১) এর কার্যক্রম পরিচালনা করে। প্রজেক্টের মূল লক্ষ্য ছিল বিএসসি ইন নার্সিং এডুকেশন প্রোগ্রামের সাথে সম্পৃক্ত প্রশাসনিক কার্যক্রমকে শক্তিশালী করা এবং হাসপাতালে ছাত্র-ছাত্রীদের ক্লিনিক্যাল প্রাক্টিস পরিবেশকে উন্নত করা।



প্রজেক্ট আউটপুট সমূহ

আউটপুট-১

নার্সিং প্রশাসনের ব্যবস্থাপনা সক্ষমতা জোরদার করণ।

আউটপুট-২

লক্ষ্যভুক্ত পাবলিক নার্সিং কলেজগুলোতে বিএসসি ইন নার্সিং শিক্ষার বাস্তবায়ন ব্যবস্থাপনা জোরদার করণ।

আউটপুট-৩

লক্ষ্যভুক্ত সহযোগী হাসপাতালসমূহে ক্লিনিক্যাল নার্সিং প্রাক্টিসের বাস্তবায়ন ব্যবস্থাপনা জোরদার করণ।

আউটপুট-৪

নার্সিং কলেজ এবং সংশ্লিষ্ট সংস্থাগুলির মধ্যে নেটওয়ার্কিং ব্যবস্থাকে শক্তিশালী করণ।

কার্যক্রম অগ্রগতি

নার্সিং প্রশাসন

এক্সিডিটেশন কার্যক্রম

এক্সিডিটেশন বিষয়ে প্রজেক্টের আউটপুট-১ টিম লক্ষ্যভুক্ত ০৮ (আট) টি নার্সিং কলেজ পরিদর্শন করে কলেজগুলোতে এক্সিডিটেশন সংক্রান্ত ঢাকা নার্সিং কলেজের ফেইজ-১ এর অভিজ্ঞতা শেয়ার করেন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি লাভের বিষয়ে উক্ত কলেজগুলোর করণীয় কার্যক্রম বিষয়ে সার্বিক নির্দেশনা, পরামর্শ ও সহযোগিতা প্রদান করেন।

এক্সিডিটেশন সংক্রান্ত পাচটি স্ট্যান্ডার্ড বা মানদণ্ড রয়েছে :

(১) প্রশাসন ও নেতৃত্ব (২) শিক্ষার্থীর ধরণ ও ভর্তি (৩) শিক্ষক ও শিক্ষা পদ্ধতি (৪) পাঠ্যক্রম পরিচালনা ও (৫) প্রাতিষ্ঠানিক রিসোর্স। প্রতিটি কলেজে প্রতিটি স্ট্যান্ডার্ডের জন্য একটি করে ওয়ার্কিং গ্রুপ তৈরি করা হয়েছে। সিবিএনএস-২ প্রজেক্ট ক্রমাগতভাবে তাঁদের টেকটিক্যাল সহযোগিতা পরামর্শ ও সার্বিক অগ্রগতি পর্যবেক্ষণ করে আসছে।



চট্টগ্রাম নার্সিং কলেজ (১৪ই ডিসেম্বর ২০২৪)



শহীদ তাজউদ্দীন আহমেদ নার্সিং কলেজ
(১১ই ডিসেম্বর ২০২৪)



বরিশাল নার্সিং কলেজ (১৮ই নভেম্বর ২০২৪)

নার্সিং ক্যারিয়ার পাথ



সিপি কর্মশালা চলাকালীন, ওয়ার্কিং গ্রুপ সক্রিয়ভাবে কাজ করছিল। (২৬শে আগস্ট ২০২৪)

পাবলিক সেক্টরে কর্মরত নার্সদের ক্যারিয়ার পাথ তৈরির জন্য সিবিএনএস-২ প্রজেক্ট বর্তমানে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সাথে ঘনিষ্ঠভাবে করে আসছে। এই প্রজেক্টের কারিগরি সহায়তায় নার্সিং ও মিডওয়াইফারি প্রশাসন, শিক্ষা ও সেবায় নার্সদের ক্যারিয়ার পাথসহ স্ট্যান্ডার্ড সেটআপ কার্যক্রম পরিচালিত হচ্ছে। যার মধ্যে রয়েছে: অর্গানোগ্রাম তৈরি, পদের কার্য পরিধি, বিভিন্ন পর্যায়ে পদ সৃজনের স্ট্যান্ডার্ড সেটআপ এবং বিনিয়োগ বিধিমালা ইত্যাদি।

নার্সিং শিক্ষা ও সেবায় মাস্টার ট্রেনার তৈরির লক্ষ্যে, ২০২৪ সালের ১৪-২৮ ফেব্রুয়ারি ১ম ব্যাচ এবং একই বছরের ১৬-২৮ নভেম্বর ২য় ব্যাচের মাস্টার ট্রেনার (এম.টি) ট্রেনিং ন্যাশনাল ইনস্টিটিউট অব অ্যাডভান্সড নার্সিং এডুকেশন অ্যান্ড রিচার্চ (নিয়ানার), ঢাকায় অনুষ্ঠিত হয়। বাংলাদেশে নার্সদের জন্য একটি কন্টিনিউয়াস প্রফেশনাল ডেভেলপমেন্ট (সিপিডি) প্রশিক্ষণ ব্যবস্থাপনা গড়ে তোলার লক্ষ্যেই এই এম.টি ট্রেনিং কার্যক্রম পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এর মাধ্যমে লক্ষ্যভুক্ত নার্সিং কলেজে শিক্ষকদের সক্ষমতা বৃদ্ধি এবং হাসপাতালে নার্সিং শিক্ষার্থীদের জন্য উন্নত এবং সুপারভাইজড ক্লিনিক্যাল প্রাকটিস পরিবেশ প্রতিষ্ঠা করাই এর উদ্দেশ্য।



প্রথম ব্যাচের এমটি প্রশিক্ষণ (১৪ - ২৮ ফেব্রুয়ারি ২০২৪)



দ্বিতীয় ব্যাচের এমটি প্রশিক্ষণ (১৬ - ২৮ নভেম্বর ২০২৪)

নার্সদের জন্য সিপিডি: এফডি / সিএনটি প্রশিক্ষণ

ইন-হাউজ ফ্যাকাল্টি ডেভেলপমেন্ট (এফডি) ট্রেনিং

প্রথম ইন হাউজ ফ্যাকাল্টি ডেভেলপমেন্ট (এফডি) ট্রেনিং গত ২৪ মে ২০২৪ ইং তারিখে কলেজ অব নার্সিং, শেরে বাংলা নগর, ঢাকা এবং গত ৫ জুন ২০২৪ ইং তারিখে ময়মনসিংহ নার্সিং কলেজ, ময়মনসিংহে অনুষ্ঠিত হয়। এই প্রশিক্ষণের উদ্দেশ্য হচ্ছে লক্ষ্যভুক্ত নার্সিং কলেজসমূহের শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি করা। প্রতিটি কলেজ ভিত্তিক মাস্টার ট্রেনারগণ তাঁদের ফ্যাকাল্টি মেম্বারদের চাহিদা অনুযায়ী এফডি প্রশিক্ষণ পরিচালনা করেন।

ক্লিনিক্যাল নার্স টিচার (সিএনটি) ট্রেনিং

আটটি লক্ষ্যভুক্ত হাসপাতালের মধ্যে শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, শহীদ তাজউদ্দীন আহমেদ মেডিকেল কলেজ হাসপাতাল, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল এবং চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে সিএনটি প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। হাসপাতালের সিনিয়র স্টাফ নার্সদের প্রশিক্ষণের মাধ্যমে রোগীদের নার্সিং সেবার মান-উন্নয়ন এবং নার্সিং শিক্ষার্থীদের প্রমাণ- ভিত্তিক (এভিডেন্স বেজড) নার্সিং সেবা শিক্ষা দেওয়াই সিএনটি তৈরির উদ্দেশ্য। সিবিএনএস-২ প্রজেক্টের সহায়তায় প্রশিক্ষিত এমটিগণই সিএনটিদের প্রশিক্ষণ পরিচালনা করেন। বাকী অন্যান্য হাসপাতালগুলোতে পর্যায়ক্রমে সিএনটিদের ১ম ও ২য় ব্যাচের প্রশিক্ষণ প্রদানের প্রস্তুতি রয়েছে।



এমএনসি-তে ১ম অভ্যন্তরীণ এফডি প্রশিক্ষণ (৫ জুন ২০২৪)



এসটিএএমসি-তে ১ম সিএনটি প্রশিক্ষণ (১৩ জানুয়ারী ২০২৫)

অন্যান্য কার্যক্রম-জাপান প্রশিক্ষণ

২০২৩ সালের ২০ নভেম্বর হতে ৫ ডিসেম্বর পর্যন্ত জাপানে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এই প্রশিক্ষণের উদ্দেশ্য ছিল জাপানিজ নার্সিং প্রশাসন, নার্সিং কলেজ, হাসপাতাল এবং কমিউনিটি নার্সিং বিষয়ক কার্যক্রম পরিদর্শনের মাধ্যমে নার্সিং শিক্ষার মানোন্নয়ের গুরুত্ব ও এর পদ্ধতি সম্পর্কে জানা এবং অর্জিত জ্ঞান ও দক্ষতা নিজ দেশের রিসোর্স ও প্রশাসনিক উন্নয়নে প্রয়োগ করা।

প্রশিক্ষণ কর্মসূচিতে লক্ষ্যভুক্ত নার্সিং কলেজসমূহের অধ্যক্ষ; দু'টি সহযোগী হাসপাতালের সেবা তত্ত্বাবধায়ক ও ১ জন পরিচালক; স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের প্রতিনিধিসহ মোট ১৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

প্রশিক্ষণার্থীগণ বিভিন্ন লেকচার ও সাইট ভিজিটের মাধ্যমে জাপান নার্সিং-এর ইতিহাস, নার্সিং শিক্ষা ব্যবস্থা, নার্সিং ক্যারিয়ার পথ, হাসপাতাল ও কমিউনিটি নার্সিং বিষয়ে সম্যক জ্ঞান অর্জন করেন এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের সাথে মতবিনিময় করেন।

প্রশিক্ষণের শেষ দিনে প্রশিক্ষণার্থীগণ জাপান প্রকল্প সহায়তা কমিটির চেয়ারপারসন ড. হিরোকো মিনামী এবং কমিটির সদস্য মিস মিতসুকো মারুয়ামা কর্তৃক উপস্থাপিত কর্মসূচি পরিকল্পনায় (একশন প্লান) অংশগ্রহণ করেন। অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ মন্তব্য করেন যে, বাংলাদেশের ভবিষ্যৎ নার্সিং শিক্ষা ও ক্লিনিক্যাল প্রাকটিস ব্যবস্থাপনার উন্নয়নে তারা খুবই আশাবাদী।



আমাদের সাথে যোগাযোগ করুন

☎ টেলিফোন নম্বর : ০১৩-২৪৬০-০৩২০

✉ ই-মেইল ঠিকানা : jicacbns2project@gmail.com

🏠 অফিসের ঠিকানা: কক্ষ # ৪০২, লেভেল, ৩, কলেজ অব নার্সিং, (একাডেমিক ভবন), শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।



প্রকল্প সংবাদ



ফেসবুক পেজ

